

“আদা ও লবঙ্গা মিশ্রিত গরম পানি, কালোজিরা/মধু,
ভিটামিন-সি সমৃদ্ধ ফলমূল গ্রহণ করুন-
যা করোনা প্রতিরোধে সহায়ক হতে পারে”

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

আশাকরি সকলে স্ব-পরিবারে মহান আল্লাহর অসীম দয়ায় সুস্থ ও নিরাপদে আছো। করোনা ভাইরাস সংক্রমণ রোধে ১৮ মার্চ, ২০২০ খ্রিঃ হতে তোমাদের প্রিয় শিক্ষা প্রতিষ্ঠান রাউজান সরকারি কলেজ, চট্টগ্রাম বন্ধ আছে। এই দীর্ঘ বন্ধকালীন সময়ে তোমাদের শিক্ষা কার্যক্রম(পাঠদান) অব্যাহত রাখতে অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করি। যদিও অনেক পূর্ব থেকেই **Google Class Room** এর মাধ্যমে তোমাদের সাথে আমার অনলাইন পাঠদান অব্যাহত আছে। আর সেই কারণেই সারা বিশ্বজুড়ে চলমান করোনা মহামারির ভয়াভহতাই **Locked Down** পরিস্থিতিতে তোমাদের সাথে অনলাইনে যোগাযোগ অনেকটা সহজ হয়েছে। অনেক শিক্ষার্থী গ্রাম ও প্রত্যন্ত এলাকার হওয়ায় এখনও পর্যন্ত নির্ধারিত ক্লাসরুমে জয়েন করতে পারেনি। কেউ কেউ হয়ত আর্থিক অসচ্ছলতা বা দুরবস্থার কারণে **mb/internet data** কিনতে পারছেন। তোমাদেরকে অনুরোধ করবো কলেজ খোলাকালীন যাতায়াত ও নাস্তা খরচ এবং প্রাইভেট/কোচিং এর জন্য তোমরা যে ব্যয় করতে বর্তমান পরিস্থিতিতে সেই টাকা দিয়ে মিতব্যয়ী ইন্টারনেট প্যাকেজ কিনে অনলাইন ক্লাসে জয়েন করতে পারলে অনেক উপকৃত হতে। প্রতিটি ক্লাসের ক্লাস কোড স্ক্রিনশট ইমেজে দেয়া আছে। ইতোমধ্যে যারা ক্লাসরুমে জয়েন করেছো তারা ক্লাসকোড ও ক্লাসরুমে জয়েনিং পদ্ধতি ক্লাসের অন্যদের সাথে শেয়ার করবে এবং ইয়ারভিত্তিক মেসেনজার গ্রুপে পোস্ট করবে। আমি **Google Class Room** এর মাধ্যমে ১৪টি বিষয়ের উপর পাঠদান, ক্লাস ওয়ার্ক, হোম ওয়ার্ক, গ্রুপ ওয়ার্ক, প্রজেক্ট ওয়ার্ক, এসাইনমেন্ট, স্ট্যাডি মেটারিয়ালস প্রদান, অনলাইন ক্লাসটেস্টসহ প্রত্যেকের ফিডব্যাক রিপোর্ট সংরক্ষণ করে যাচ্ছি। ক্লাসের বিষয়সমূহ নিম্নরূপ: ১। **Financial Management_ Honours Fourth Year_ Management;** ২. **Company Law_ Honours Third Year_ Management;** ৩. **Financial Management_ Honours Third Year_ Accounting;** ৪. **Business Communication_ Honours Second Year_ Management;** ৫. **Business Communication and Report Writing_ Honours Second Year_ Accounting;** ৬. **Principles of Finance_ Honours Second Year_ Management;** ৭. **Introduction to Business_ Honours Second Year_ Economics;** ৮. **Introduction to Business_ Honours First Year_ Management;** ৯. **Principles of Finance_ Honours First Year_ Accounting;** ১০. **Computer in Business_ Degree Third Year_ BBS;** ১১. **Fundamental of Management_ Degree First Year_ BBS;** ১২. **Introduction to Business_ Degree First Year_ BBS;** ১৩. **Business Organization and Management_ Class Eleven-Twelve_ Business Studies;** ১৪. **Finance, Banking & Insurance_ Class Eleven-Twelve_ Business Studies;** আশাকরি বিষয়সমূহের সাথে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীরা অতিসত্বর ক্লাসরুমে যোগদানের মাধ্যমে তোমাদের পঠন কার্যক্রমকে আরো গতিশীল করবে। আমি ছাড়াও আমাদের আরো অনেক শিক্ষক-শিক্ষিকামন্ডলী অনলাইনে শ্রেণিকার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। আজ ০৬/০৫/২০২০ ইং দুপুর ১১:৪০-১২:২০ পর্যন্ত চট্টগ্রাম অনলাইন স্কুলে (facebook.com/chattogramonlineschool) একাদশ-দ্বাদশ শ্রেণির উদ্ভিদবিদ্যা বিষয়ে ক্লাস নিবেন আমাদের উদ্ভিদবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব শর্করী দে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ক্লাসটি দেখার অনুরোধ করছি। অন্যান্য শিক্ষকদের ক্লাস সিডিউল সময়ে সময়ে জানানো হবে।

ইতি-

মোঃ আতিক উল্লাহ চৌধুরী, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ, রাউজান সরকারি কলেজ, চট্টগ্রাম।